

বাংলাদেশ ব্যাংক

Web: www.bangladeshbank.org.bd
www.bangladesh-bank.org

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

১৯ ফাল্গুন, ১৪১৫

তারিখ :-----

৩ মার্চ, ২০০৯

ডিওএস সার্কুলার নং-০১

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহ কর্তৃক নগদ জমা (CRR) সংরক্ষণে ঘাটতিজনিত কারণে দণ্ডসুদ আরোপের পদ্ধতি ও হার প্রসঙ্গে

বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এর ৩৬(৪) ও ৩৬(৫) ধারায় তফসিলি ব্যাংকসমূহের নগদ জমা (CRR) সংরক্ষণে ব্যর্থতার জন্য দণ্ডসুদ আরোপ ও আদায়ের নির্দেশনা সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত ডিওএস সার্কুলার নং-০২/২০০৫ এবং ০৬/২০০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইতোমধ্যে বিআরপিডি সার্কুলার নং-০১/২০০৯ দ্বারা দৈনিক সর্বনিম্ন নগদ জমার পরিমাণ ৪.৫% এ পুনঃনির্ধারণ করায় নগদ জমা (CRR) সংরক্ষণে ব্যর্থতার জন্য দণ্ডসুদ আরোপ, আদায়ের পদ্ধতি এবং হার সম্পর্কে জারীকৃত সার্কুলার সমূহের সব নির্দেশনা একীভূত করা হয়েছে এবং তদনুযায়ী এখন থেকে নিম্নলিখিত হারে ও পদ্ধতিতে দণ্ডসুদ আরোপ ও আদায় করা হবে :

১. মাসের যে কোন দিন নগদ জমার পরিমাণ মোট তলবী ও মেয়াদী দায়ের ৪.৫% এর কম হলে ঘাটতির (Shortfall) উপর **ব্যাংক রেট+৫%** হারে ঐ দিনের জন্য দণ্ডসুদ আরোপ করা হবে।
২. দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক নগদ জমা ৫% এর সমপরিমাণ সংরক্ষণে ব্যর্থতার জন্য কম সংরক্ষিত পরিমাণের উপর **ব্যাংক রেট+৫%** হারে ১ দিনের দণ্ডসুদ আরোপ করা হবে।
৩. যে কোন দ্বি-সপ্তাহে গড়ে ৫% সংরক্ষণে ব্যর্থ কোন তফসিলি ব্যাংক পরবর্তী দ্বি-সপ্তাহের **প্রথম দিন** মোট তলবী ও মেয়াদী দায়ের ৫% নগদ জমা হিসাবে সংরক্ষণ না করলে CRR ঘাটতি ওয় সপ্তাহে অব্যাহত রয়েছে গণ্য করে বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এর ৩৬(৫) ধারা অনুযায়ী যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

এই নির্দেশনা ১ মার্চ, ২০০৯ তারিখ থেকে কার্যকর হবে এবং ইতোপূর্বে জারীকৃত ডিওএস সার্কুলার নং-০২/২০০৫ এবং ডিওএস সার্কুলার নং-০৬/২০০৫ এতদ্বারা বাতিল করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(এস, কে, সুর চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৬